

## 💵 আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ মুরজিয়া মতবাদ, নেক আমল, মুজিযা-কারামত, আখিরাত, ঈমান-ইসলাম ও অন্যান্য প্রসঙ্গ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. মুজিযা, কারামাত, ইসতিদরাজ

আমরা দেখেছি, এরপর ইমাম আবূ হানীফা (রাহ) ইসলামী আকীদার সম্পূর্ণ ভিন্ন একটি বিষয়ের অবতারণা করেছেন। তিনি বলেছেন:

"নবীগণের জন্য 'আয়াত' প্রমাণিত। এবং ওলীগণের কারামত সত্য। আর ইবলীস, ফিরাউন, দাজ্জাল ও তাদের মত আল্লাহর দুশমনদের দ্বারা যে সকল অলৌকিক কর্ম সাধিত হয়, যে সকল অলৌকিক কর্মের বিষয়ে কুরআন-হাদীসে বর্ণিত হয়েছে যে, তাদের দ্বারা তা সংঘটিত হয়েছিল বা হবে, সেগুলোকে আমরা আয়াত বা কারামত বলি না, বরং এগুলোকে আমরা তাদের 'কাযায়ে হাজাত' বা প্রয়োজন মেটানো বলি। কারণ আল্লাহ তাঁর দুশমনদের প্রয়োজন মিটিয়ে দেন 'ইসতিদরাজ' হিসেবে -তাদেরকে তাদের পথে সুযোগ দেওয়ার জন্য- এবং তাদের শাস্তি হিসেবে। এতে তারা ধোঁকাগ্রস্ত হয় এবং আরো বেশি অবাধ্যতা ও অবিশ্বাসে নিপতিত হয়। এগুলি সবই সম্ভব।" আমরা এখানে বিষয়গুলো পর্যালোচনা করব, ইনশা আল্লাহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7236

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন